# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬২

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৩০. পানপাত্র ঢেকে রাখা

بَاب تَغْطِيَةِ الْإِنَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَدْرٍ، عَبَّادُ بْنُ الْوَلِيدِ حَدَّثَنَا مُطَهَّرُ بْنُ الْهَيْثَمِ، حَدَّثَنَا عَلْقَمَةُ بْنُ أَبِي جَمْرَةَ الضُّبَعِيُّ، عَنْ أَبِيهِ أَبِي جَمْرَةَ الضُّبَعِيِّ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ لاَ يَكِلُ طُهُورَهُ إِلَى أَحَدٍ وَلاَ صَدَقَتَهُ الَّتِي يَتَصَدَّقُ بِهَا يَكُونُ هُوَ الَّذِي يَتَوَلاَّهَا بِنَفْسِهِ .

বাংলা

৩/৩৬২। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উযূ (ওজু/অজু/অযু)র পানি ও তাঁর দান-খয়রাত করার মাল কারো নিকট গচ্ছিত রাখতেন না এবং সেই মালও সোপর্দ করতেন না, যা তিনি সদাক্বাহ করতেন। তিনি নিজের তত্ত্বাবধানেই তা সংরক্ষণ করতেন।

## English

It was narrated that Ibn 'Abbas said:
"The Messenger of Allah never entrusted his purification to anyone nor his charity that he had given to anyone; he would be the one to take care of these matters himself."

ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: অত্যন্ত দুর্বল। তাখরীজ আলবানী: জামি সগীর ৪৫০৪ যঈফ জিদ্দান, যঈফাহ ৪২৫০। উক্ত হাদিসের রাবী মুতাহহার বিন হায়সাম সম্পর্কে ইবনু ইয়ুনুস বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আল উকায়লী বলেন, তার হাদিস বিশুদ্ধ নয়। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। ২. আলকামাহ বিন জামারাহ আদ-দুবাঈ সম্পর্কে বলা হয়েছে, তিনি অপরিচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10072

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন